দূরভাষ : ৫৩৮-২৬৬৪
৫৩৮-০২০৩
ফ্যাক্স : ৫৩৮-৬৪৪২

# মধ্যমগ্রাম পৌরসভা

**মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা**

কোলকাতা : ৭০০ ১২৯

পত্রাঙ্ক নং -                                        তারিখঃ

## সাধারন পৌর বোর্ড মিটিং এর কার্য্যবিবরনী

সভা নং - ১১                    সময়ঃ বেলা ২.৩০ টা
তাং - ৩১।০৫।২০১৬               স্থানঃ পৌরসভা সভা কক্ষ

**আলোচ্য বিষয়ঃ**

(১) বিগত সভার (৯ নং)কার্য্যবিবরনী পঠন ও অনুমোদন সংক্রান্ত।
(২) পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
(৩) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
(৪) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
(৫) বর্ষারপূর্বে কেন্দ্রীয়ভাবে হাইড্রেন পরিষ্কার সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
(৬) কমার্শিয়াল বিল্ডিং প্ল্যান অনুমোদন বিষয়ক।
(৭) বিবিধ।

**উপস্থিতিঃ**

* পৌরপ্রধানঃ শ্রী রথীন ঘোষ
* উপ পৌরপ্রধানঃ শ্রী সুদীপ মিত্র

**অন্যান্য কাউন্সিলরবৃন্দঃ**

| | |
|---|---|
| ✱ শ্রীমতী ফরিদা বিবি | ✱ শ্রী সুশান্ত রায় |
| ✱ মহঃ নজরুল ইসলাম | ✱ শ্রী আশীষ মল্লিক |
| ✱ মহঃ জুম্মান আলী | ✱ শ্রীমতী রাধারানী দত্ত |
| ✱ শ্রীমতী মমতা রায় সেন | ✱ মহঃ আব্দুল মান্নান |
| ✱ শ্রী অমিত রায় চৌধুরী | ✱ শ্রী প্রহ্লাদ কুমার দত্ত |
| ✱ শ্রীমতী বর্ণালী দাস বিশ্বাস | ✱ শ্রীমতী আত্রেয়ী গুহ |
| ✱ শ্রী পঙ্কজ কান্তি চন্দ | ✱ শ্রী শ্যামল দাশগুপ্ত |
| ✱ শ্রীমতী মীরা দাস | ✱ শ্রীমতী কৃষ্ণা সেনগুপ্ত |
| ✱ শ্রী সনৎ বিশ্বাস | ✱ শ্রী প্রকাশ রাহা |
| ✱ শ্রী কিশোর কুমার রায় | ✱ শ্রী নিমাই চন্দ্র ঘোষ |
| ✱ শ্রীমতী অন্তরা মজুমদার বিশ্বাস | ✱ শ্রীমতী সুতপা ব্যানার্জী |
| ✱ শ্রীমতী ষষ্ঠী বৈরাগী | ✱ শ্রীমতী সোমা মন্ডল |

অন্যান্য উপস্থিতিঃ শ্রী রাজেন্দ্র নাথ মাহাত- নির্বাহী আধিকারিক

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় সভায় সভাপতিত্ব করেন।

সভার শুরুতে বিরোধী দলনেতা শ্রী সনৎ বিশ্বাস মহাশয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয়কে মধ্যমগ্রাম বিধানসভার বিধায়ক হিসাবে পুনঃনির্বাচিত হওয়ার জন্য অভিনন্দন জানান।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় ধন্যবাদ জ্ঞাপন করেন এবং মধ্যমগ্রামের উন্নয়নে গঠনমূলক সহযোগিতা করবার জন্য আশাপ্রকাশ করেন।

জিরো আওয়ারে শ্রী সনৎ বিশ্বাস বলেন স্ট্যান্ডিং কমিটি গঠন করা হয়েছে কিন্তু এখনও পর্যন্ত একটিও সভা আহ্বান করা হয়নি। নিয়মিত সভাগুলি যাতে করা হয় সেজন্য সংশ্লিষ্ট কমিটির আহ্বায়কদেরকে বলার জন্য মাননীয় পৌরপ্রধানের দৃষ্টি আকর্ষন করেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় স্ট্যান্ডিং কমিটির আহ্বায়কদের আগামী জুন মাসের মধ্যে প্রথম সভা করার জন্য অনুরোধ করেন এবং পরবর্তী কালে নিয়মিত যাতে সভা হয় সেদিকে লক্ষ্য রাখতে বলেন।

শ্রী অমিত রায় চৌধুরী পৌরএলাকায় পার্কের Solar Light এর অগ্রগতির বিষয়ে বর্তমান অবস্হা জানতে চান।

পৌরপারিষদ সদস্য শ্রী প্রল্হাদ দত্ত মহাশয় বলেন পৌরএলাকার ৪৩ টি পার্কে একটি করে Solar Light লাগানোর ব্যবস্হা হয়েছে। প্রত্যেকটি ওয়ার্ডে নুন্যতম একটি করে পার্কে Solar Light লাগানো হচ্ছে বলে জানান।

উপস্হিত সদস্যদের মধ্যে অনেক সদস্য তাঁদের নিজ নিজ ওয়ার্ডের পার্কে Solar Light লাগানো হয়নি জানালে মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন না লাগানো হলে চিঠি করে জানাবেন।

শ্রীমতী আত্রেয়ী গুহ জানতে চান House For All এর ২য় পর্যায়ের কাজ কবে থেকে শুরু হবে।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন প্রথম পর্যায়ে ৪৪৬ টি বাড়ীর কাজ চলছে । ২য় পর্য্যায়ের DPR এখনও শুরু হয়নি। প্রথম পর্য্যায়ের UC দিলে ২য় পর্য্যায়ে পাওয়া যাবে বলে জানান।

শ্রী আশীষ মল্লিক বলেন পানীয় জলের কানেকশনে ফেরুল পরিবর্তন করার জন্য রাস্তা ক্ষতিগ্রস্হ হচ্ছে । যারা পরিবর্তন করছে তারা যদি সারাইয়ের দায়িত্ব পায় তাহলে তাড়াতাড়ি রাস্তা ঠিক হতে পারে বলে তিনি মনে করেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন দপ্তরের কাজ নির্দিষ্ট নিয়মে চলে সেই ভাবেই চলবে।

শ্রী নজরুল ইসলাম বলেন ডিজিটাল রেশনকার্ড এখনও যারা পায়নি তারা কিভাবে পাবে ?

পৌরপারিষদ সদস্য শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন ভোটের জন্য বন্ধ ছিল। Food Dept. এর Inspector এর সাথে কথা হয়েছে। খুব শীঘ্রই চালু হবে বলে মনে হয়। কবে কোন ওয়ার্ডে দেওয়া হবে তা জানিয়ে দেওয়া হবে।

শ্রী অমিত রায় চৌধুরী বলেন অন্য ওয়ার্ডে যাদের নাম উঠেছে তারা কিভাবে পাবে ?

শ্রী শ্যামল দাশগুপ্ত বলেন অনেকে কার্ড Surrender করতে চায়। কিভাবে করবে ?

শ্রীমতী আত্রেয়ী গুহ জানতে চান সংশোধনের জন্য ও নতুন কার্ডের জন্য যারা জমা দিয়েছিলেন তারা কিভাবে Card পাবে ?

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন যাদের অন্য ওয়ার্ডে নাম উঠেছে তাদের ক্ষেত্রে ঐ ওয়ার্ডে যে দিন দেওয়া হবে সেদিন নিতে হবে। সে ক্ষেত্রে দুজন কাউন্সিলরকেই ভূমিকা নিতে হবে। Card Surrender এর বিষয়ে বলেন খাদ্য দপ্তরের বিষয়।এখনও তেমন কোন নির্দেশিকা আসেনি । নূতন ও সংশোধনের প্রশ্নে বলেন রেশন ডিলাররা জমা নিয়েছে। নূতন কার্ডের জন্য তারা খাদ্য দপ্তরে পাঠিয়েছে।

শ্রীমতী আত্রেয়ী গুহ বলেন মাঠগুলি আলোকিতকরণের জন্য আগের সভায় বলেছিলাম কিন্তু কি ব্যবস্থা নেওয়া হল তা জানতে চান।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন সংশ্লিষ্ট CIC সদস্যের সাথে আলোচনা করে জেনে নেবেন।

শ্রীমতী অন্তরা মজুমদার বলেন এখনও অনেক মানুষের আধার কার্ড হয়নি। কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে আধার কার্ড চাইছে। মানুষ সমস্যায় পড়ছে। কার্ডের কাজ কবে থেকে শুরু হবে তা জানতে চান।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন যতদূর শুনেছি জুন মাসের শেষ দিকে শুরু হবে। আপাতত কথা বলেন House for All এর Beneficiary এবং Old Age Pension প্রাপকদের জন্য আধার কার্ড তৈরীর কাজ চলছে বলে জানান।

শ্রীমতী বর্নালী দাস (বিশ্বাস) বলেন যশোহর রোডের উপর Classic Restaurant এর পাশে ময়লা ফেলার ভ্যাট বন্ধ করার জন্য ওয়ার্ডের শ্রমিকদের ময়লা ফেলতে অসুবিধা হচ্ছে।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন যশোহর রোডের ধারে ময়লা ফেলা বন্ধ করা হয়েছে।Compactor Machine দিয়ে এখন ময়লা তোলা হচ্ছে। তিনি বলেন ওয়ার্ডে ময়লা ফেলার জায়গা ঠিক করে দপ্তরে জানাতে হবে।আরো বলেন পৌরএলাকার অভ্যন্তরে চারটি Compactor Station করতে হবে। Vest জায়গা থাকলে কাউন্সিলরদের জায়গা চিহ্নিত করে জমা দিতে অনুরোধ করেন। প্রতিটি তৈরীতে আনুমানিক ২০ লক্ষ টাকার মত ব্যয় হবে বলে জানান।

শ্রীমতী আত্রেয়ী গুহ বলেন অবিলম্বে NOAI খাল সংস্কার করা প্রয়োজন না হলে আগামী বর্ষায় ১৯ নং ওয়ার্ডসহ কতকগুলি ওয়ার্ড জলমগ্ন হয়ে যাবে ।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন নোয়াই খালের Upstream কাটানোর ব্যবস্থা নিচ্ছে সেচ দপ্তর।

জিরো আওয়ার শেষ হলে মাননীয় পৌরপ্রধান গত সভার (৯নং) কার্য্যবিবরনী অনুমোদনের জন্য প্রস্তাব দেন।

সভায় উপস্থিত সকল সদস্য কোনপ্রকার আপত্তি বা মতামত না জানানোয় গত সভার (৯নং) কার্য্যবিবরনী অপরিবর্তিত অবস্থায় গৃহীত ও অনুমোদিত হল।

(২) পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত কাজের আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ

(ক) মাননীয় পৌরপ্রধান পারিষদ সদস্য শ্রী প্রকাশ রাহা মহাশয়ের প্রস্তাব অনুযায়ী নিম্নলিখিত Tender গুলি FUND সহ অনুমোদিত হলঃ-

(i) WBMAD/MM/NIT - 7e/2015 - 16, Sl. No. 1 to 10 , dt. 16.02.16, Fund: BMS
(ii) WBMAD/MM/NIT - 8e/2015 - 16, Sl. No. 1 to 10 , dt. 16.02.16, Fund: BMS
(iii) WBMAD/MM/NIT - 9e/2015 - 16, Sl. No. 1 to 10 , dt. 16.02.16, Fund: BMS
(iv) WBMAD/MM/NIT - 10e/2015 - 16, Sl. No. 1 to 10 , dt. 16.02.16, Fund: BMS
(v) WBMAD/MM/NIT - 11e/2015 - 16, Sl. No. 1 to 10 , dt. 16.02.16, Fund: BMS
(vi) WBMAD/MM/NIT - 12e/2015 - 16, Sl. No. 1 to 10 , dt. 16.02.16, Fund: BMS
(vii) WBMAD/MM/NIT - 13e/2015 - 16, Sl. No. 1 to 10 , dt. 16.02.16, Fund: BMS
(viii) WBMAD/MM/NIT - 14e/2015 - 16, Sl. No. 1 to 10 , dt. 16.02.16, Fund: BMS
(ix) WBMAD/MM/NIT - 15e/2015 - 16, Sl. No. 1 to 10 , dt. 16.02.16, Fund: BMS
(x) WBMAD/MM/NIT - 16e/2015 - 16, Sl. No. 1 to 5, dt. 16.02.16, Fund: BMS
(xi) WBMAD/MM/NIT - 17e/2015 - 16, Sl.No. 1 to 5,dt. 16.02.16, Fund: AMRUT
(xii) WBMAD/MM/NIT - 18e/2015 - 16, Sl. No. 1 to 4, dt. 16.02.16, Fund: NUHM
(xiii) MM/Chair/480/1/2015-16, Sl. No. 1 to 8, dt. 10.02.16, Fund: BMS & OWN
(xiv) MM/Chair/1497/2015-16, Sl. No. 1 to 4, dt. 23/05/16, Fund: MPLADS

(খ) MPLADS এর বরাদ্দকৃত অর্থে (G.O.No.D-13014/1/2014-DPLO/123516,dt. 01.10.15), NIT No. MM/Chair/2377/NIT - 05(e)/2015 - 16, dt. 19/12/15, Sl. No. 5 এ Estimated Amount (Rs. 2972090/-) এর 3% Below হওয়ায় যে Rs. 89163/- Savings Amount আছে সেই টাকায় বাকী কাজ করবার জন্য Tender আহ্বান করা হবে।

(গ) MPLADS এর বরাদ্দকৃত অর্থে (G.O.No.D-13014/1/2014-DPLO/114633,dt. 12.03.15), NIT No. MM/Chair/2377/NIT - 05(e)/2015 - 16, dt. 19/12/15, Sl. No. 3 এ Estimated Amount(Rs. 1457528/-) এর 29.99% Below হওয়ায় যে Rs. 437113/- Savings Amount আছে সেই টাকায় বাকী কাজ করবার জন্য Tender আহ্বান করা হবে।

(ঘ) MPLADS এর বরাদ্দকৃত অর্থে (G.O.No.D-13014/2/2014-DPLO/113431,dt. 13.02.15), NIT No. WBMAD/36/2014-15/B-M/ISHDP, dt. 19/12/15, Sl. No. 3 এ Estimated Amount(Rs. 600000/-) এর 28.76% Below হওয়ায় যে Rs. 174729/- Savings Amount আছে সেই টাকায় বাকী কাজ করবার জন্য Tender আহ্বান করা হবে।

(ঙ) MPLADS এর বরাদ্দকৃত অর্থে (G.O.No.D-13014/2/2014-DPLO/118676,dt. 10.06.15), NIT No. WBMAD/36/2014-15/B-M/ISHDP, dt. 19/12/15, Sl. No. 5 এ Estimated Amount(Rs. 1500000/-) এর 30% Below হওয়ায় যে Rs. 450000/- Savings Amount আছে সেই টাকায় বাকী কাজ করবার জন্য Tender আহ্বান করা হবে।

(৩) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ

মাননীয় CIC সদস্য শ্রী প্রহ্লাদ দত্ত মহাশয়ের প্রস্তাব অনুযায়ী সভায় নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ-

(১) যশোহর রোড সম্প্রসারনের কাজে ক্ষতিগ্রস্থ পানীয় জলের লাইন মেরামতি, বাড়ির সংযোগ স্থানান্তর , নতুন পাইপ লাইন নির্মান সংক্রান্ত কাজ সমূহ আবশ্যিকতার সঙ্গে দ্রুত করা হয়েছে জরুরী ভিত্তিতে। ঐ সকল কাজ ও কাজের ব্যয় অনুমোদিত হলো।

(২) KMDA কর্তৃক নতুন পাইপ লাইন নির্মানে যে সমস্ত স্থানে আভ্যন্তরীন সংযোগ বা পুরাতন পাইপ লাইন বিচ্ছিন্ন করতে হবে সেই প্রক্রিয়া অবিলম্বে শুরু করা হবে।

(৩) 24 X 7 জল সরবরাহে বাড়ীর সংযোগ স্থানান্তর বিষয়ক ব্যয় ৩০.০৫.২০১৬ পর্য্যন্ত অনুমোদিত হলো।১ লা জুন ২০১৬ হতে পৌরসভার নিয়মানুযায়ী বাড়ীর সংযোগ স্থানান্তর বিষয়ে সর্বমোট ব্যয়ের ৫০ শতাংশ গ্রাহক এবং বাকী ৫০ শতাংশ পৌরসভা বহন করবে।

(৪) নির্বাচনকালীন পরিস্থিতিতে টেন্ডার প্রক্রিয়া সম্ভবপর ছিল না, সেই হেতু পাইপলাইন রিপেয়ারিং মেইনটেন্যান্স ও Pump রিপেয়ারিং মেইনটেন্যান্সের কাজ এর সময়সীমা ৬ মাসের পরিবর্তে ৮ মাস ১৫ দিন ধার্য্য করা হলো। এ বিষয়ে আনুপাতিক ব্যয় বৃদ্ধি অনুমোদিত হলো।

(৫) পানীয় জল সংযোগে দীর্ঘদিন যাবৎ যে রেট ধার্য্য করা আছে তা পরিবর্তন করা খুবই জরুরী। সামগ্রিক পরিস্থিতি বিবেচনা করে নিম্নলিখিত প্রস্তাব সমূহ গৃহীত হলো।

| | |
|---|---|
| (ক)বসত বাড়ীতে সংযোগের ক্ষেত্রে, রয়্যালটি চার্জ | -৬০০০.০০ টাকা(১ হতে ১৫ মিঃ) |
| (খ)বসত বাড়ীতে সংযোগের ক্ষেত্রে, রয়্যালটি চার্জ | -৫০০০.০০ টাকা(১৫ মিঃ উর্দ্ধে) |
| (গ)বাড়ীতে ছোট ব্যবসায়িক প্রতিষ্ঠান, রয়্যালটি চার্জ | -৭০০০.০০ টাকা |
| (ঘ)হোল্ডিং এ মিষ্টির দোকান, গ্রীল কারখানা, পেট্রোল পাম্প,বিউটি পার্লার, সেলুন বা এই জাতীয় প্রতিষ্ঠানের ক্ষেত্রে, রয়্যালটি চার্জ | -৮০০০.০০ টাকা |
| (ঙ)বড় কারখানা ও ফ্ল্যাটের ক্ষেত্রে, রয়্যালটি চার্জ | -১৫০০০.০০ টাকা |
| কমার্শিয়াল সংযোগের ক্ষেত্রে সর্বনিম্ন প্লাম্বার চার্জ | - ১০০০.০০ টাকা |

(৬) পৌরএলাকায় গভীর নলকূপ নির্মানে পৌরসভার প্রাথমিক সম্মতি প্রদান বিষয়ে আবেদনকারীকে নিম্নোক্ত হারে অনুমোদন বিষয়ক চার্জ দিতে হবে।(NOC)

| | |
|---|---|
| (ক)বাড়িতে হস্তচালিত নলকূপ নির্মানে NOC বাবদঃ | - ১০০০০.০০ টাকা |
| (খ)ব্যবসায়িক প্রতিষ্ঠান,ফ্ল্যাট নির্মানে NOC বাবদঃ | - ২০০০০.০০ টাকা |

(গ)জলের ব্যাবসা / কারখানা নির্মানে NOC বাবদঃ - সর্বনিম্ন ২৫০০০.০০ টাকা
নলকূপের বিষয়ে প্রতি বছর রিনুয়্যাল ফিস্ (ক) ১০০০.০০ টাকা (খ) ৩০০০.০০ টাকা (গ) ৮০০০.০০ টাকা

(৭) ২নং ওয়ার্ডে একটি হস্তচালিত নলকূপ নির্মানে কাউন্সিলরস্ ফান্ড হতে ৪০০০০.০০ টাকা ব্যায় অনুমোদিত হলো।

(৮) নথিভুক্ত প্লাম্বারদের প্রতি বছর রিনুয়্যাল ফিস্ ১লা এপ্রিল ২০১৬ হতে ৫০০০.০০ টাকা ধার্য্য করা হলো।

(৯) সাঝিরহাট বৈদ্যুতিক চুল্লীটি নবীকরনের উদ্দেশ্যে শেষ পর্য্যায়ের কাজটির Tender হল MM/EL/Chair/NIT/524/15-16, Dt. 16/02.16 তে 131908.00 টাকা অনুমোদিত হলো। যা অনুমোদিত Municipal Affairs Fund থেকে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হল।

(১০) HAU গুলি এবং N.S.C. Bose Hospital & Research Centre এর বৈদ্যুতিক কাজের রক্ষনাবেক্ষণের কাজ ২৩ শে এপ্রিল ২০১৬ শেষ হয়েছে। পরবর্তী (২০১৬ - ২০১৭) বছরের বার্ষিক বৈদ্যুতিক কাজের রক্ষনাবেক্ষণের কাজ একই সহায়ক ধার্য্যমূল্যে আগের ঠিকাদারকে আবেদনের ভিত্তিতে পুনঃনবীকরন করা হয়েছে। যার আদেশনামা MM/EL/Chair/WO/1356/1/16 - 17, dt. 20/04/2016 তে ১৫০০০০.০০ টাকা। যা অনুমোদিত ADP (16-17) ফান্ড থেকে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হল।

(১১) পৌরসভা অফিসে দ্বিতলে A.C.Machine এর রক্ষনাবেক্ষণের বার্ষিক (২০১৬ - ১৭) এর কাজের জন্য Tender No. MM/EL/Chair/NIQ/1375/2016-17, dt. 28/04/2016 তে ৩৫৫৫০.০০ টাকা অনুমোদিত হলো। যা ADP (2016 - 17) ফান্ড থেকে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

(১২) পৌরসভার বৈদ্যুতিক কাজে প্রয়োজনীয় সরঞ্জাম সরবরাহ করার জন্য NIT No. MM/EL/Chair/NIT/861/2015-16, dt. 04/03/2016 তৎসহ নিম্নলিখিত আদেশনামাগুলি ও অনুমোদিত হলো। যা Repair & Maintenance Fund(2016 - 17) থেকে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

(i)MM/EL/Chair/Sup. Ord./1366/15 - 16, dt. 27/04/2016 তে ১৮৫০০০.০০ টাকা
(ii)MM/EL/Chair/Sup. Ord./1364/15 - 16, dt. 27/04/2016 তে ৩০৬০০০.০০ টাকা
(iii)MM/EL/Chair/Sup. Ord./1365/15 - 16, dt. 27/04/2016 তে ১৬০০০০.০০ টাকা

(১৩) আলোকিতকরণের উদ্দেশ্যে প্রণব কন্যা আশ্রমের সামনে ১৬মিঃ High Mast LED Light এর টেন্ডার করা হয়েছে। যার Ref. No. MM/EL/Chair/NIT/327/15-16, dt. 28/01/2016 তে ৪০০০০০.০০ টাকা অনুমোদিত হল। যা Additional Allotment 14F.C. (2015 - 16) থেকে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হল।

(১৪) বিদ্যুতের খরচ সাশ্রয়ের উদ্দেশ্যে পৌরসভায় যে সমস্ত 16 Mt. High Mast এ Metal Light লাগানো রয়েছে তার পরিবর্তে LED Light লাগানোর সিদ্ধান্ত গৃহীত হল।

(৪) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌরপ্রধান পারিষদ সদস্য শ্রী নিমাই ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ

(ক) গত মার্চ ২০১৬ থেকে মে ২০১৬ এর মধ্যে পৌরএলাকার সমস্ত ওয়ার্ডে মশক নিবারণে Fogging Machine এর সাহায্যে Mosquito Oil Fogging করার জন্য Battery / Diesel / Petrol ক্রয় এবং শ্রমিকদের পারিশ্রমিক বাবদ পৌরতহবিল হতে যে অর্থ ব্যয় হবে তাহা অনুমোদিত হল।

(খ) WB - 26K - 0603 গাড়ী repair বাবদ Mili Electric কে পৌরতহবিল হতে যে ৩৪৩৯০.০০টাকা দেওয়া হবে তাহা অনুমোদিত হল।

(গ) বানীকন্ঠ খাল পরিষ্কার বাবদ পৌরতহবিল হতে যে ১০৭৮০০.০০ টাকা ব্যয় হয়েছে তাহা অনুমোদিত হল।

(ঘ) গংগানগর বাসস্ট্যান্ড সংলগ্ন স্থানে Vat তৈরী বাবদ পৌরতহবিল হতে যে ২২২২০.০০ টাকা ব্যয় হয়েছে তাহা অনুমোদিত হল।

(৫) বর্ষারপূর্বে কেন্দ্রীয়ভাবে হাইড্রেন পরিষ্কার সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ

মাননীয় পৌরপ্রধান পারিষদ সদস্য শ্রী নিমাই ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী বর্ষার পূর্বে প্রতিবছর পৌরসভা চিহ্নিত যে হাইড্রেন গুলি পরিষ্কার করা হয় সেগুলি এবারও পরিষ্কার করা হবে। এছাড়াও সোদপুর রোড, বাদু রোড, যশোহর রোড (নতুন ও পুরানো) এ ছাড়া JNNURM তহবিলে তৈরী Covered High Drain গুলিও দপ্তরগত ভাবে পরিষ্কার করা হবে।সমগ্র ব্যয় পৌরতহবিল থেকে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হল।

(৬) কমার্শিয়াল বিল্ডিং প্ল্যান অনুমোদন বিষয়কঃ-

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী সভায় নিম্নলিখিত কমার্শিয়াল প্ল্যানগুলি অনুমোদিত হলঃ-

১৩৯৮, ০১, ১৩৭৫, ১৪২৯, ১৪০০, ১৩৬৩, ৮৪৬, ১৫০৬, ৩৩৬, ২৩১, ১৪৪৩, ৬৬৫, ১৩৫৬, ১৪৮২, ১৪২২, ১৫২৮, ১৫৯৬, ১৬৩৮, ১৩৭৫, ১০৬১, ১৫৭৪, ২৮, ১৪৯৯, ১৪৮০, ১৫৬৬., ৫৮, ৭৫০, ১৫৮১, ১৩৭৯, ১২৯, ১৪৮৫, ১৬৪৪, ১৪৯০, ১৪৭৬, ১৪৭৭, ১৬৬৬, ৯৬৯, ১৬৩২, ১৫২২, ১৬৭, ১১০৮, ২৫৫, ১৯৮, ১২৯৫, ১৪৮, ১১০২, ১৩৩৪, ৪৬, ১২৪, ১৬৬৪, ১২, ১৫০২, ৯৫, ২২৩, ৩১, ১৬২১, ২৪৩, ২৬০, ১১৯৫, ২৫, ২৩৯, ১১৯৬, ১৩৮, ১৫২৯, ১২০, ১০২, ১২৫৬, ১০৫৫

(৭) বিবিধঃ

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী সভায় নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ

(১) Water Treatment Plant উদ্বোধন বাবদ পৌরতহবিল হতে যে ১০৬৮২৪.০০ টাকা ব্যয় হয়েছে তাহা অনুমোদিত হল।

(২) মধ্যমগ্রাম পৌরএলাকায় বসবাসকারী উচ্চমাধ্যমিক ছাত্রছাত্রীদের (CBSE/ICSE) Test Paper দেওয়ার জন্য Test Paper ক্রয় বাবদ পৌরতহবিল হতে যে ৩২৩৪২.০০ টাকা ব্যয় হয়েছে তাহা অনুমোদিত হল।

(৩) কালীঘাট মিলনসংঘের আবেদন অনুযায়ী তাদের শারদীয়া স্যুভেনীর এ পৌরসভার পক্ষ থেকে বিজ্ঞাপন দেওয়া বাবদ পৌরতহবিল হতে যে ৫০০০০.০০ টাকা ব্যয় হয়েছে তাহা অনুমোদিত হল।

(৪) Work Order No. MM/Chair/329/15-16, dt. 28/01/2016 অনুযায়ী Transcon কে Xerox Machine ও সহযোগী দ্রব্যাদি ক্রয় বাবদ যে ১৮৪৪৬৫.০০ টাকা পৌরতহবিল হতে দেওয়া হয়েছে তাহা অনুমোদিত হল।

(৫) Work Order No. MM/Chair/330/15-16, dt. 28/01/2016 অনুযায়ী Transcon কে Voltage Stabilizer ও সহযোগী দ্রব্যাদি ক্রয় বাবদ যে ৯৯৫২.০০ টাকা পৌরতহবিল হতে দেওয়া হয়েছে তাহা অনুমোদিত হল।

(৬) পৌরসভা অফিসের নীচের মার্কেটের ৫২ নং দোকানের মালিক মিহির কুমার রায় পিতা স্বর্গীয় চিত্তরঞ্জন রায় , বিবেকানন্দ নগর এর আবেদন অনুযায়ী রমা সরকার স্বামী স্বর্গীয় প্রদীপ সরকার, রঙ্গীত রেসিডেন্সী, সোদপুর রোড , মধ্যমগ্রাম এর নামে হস্তান্তর করিতে চাওয়ায় পৌরসভা উক্ত ৫২ নং ঘরটি রমা সরকার স্বামী স্বর্গীয় প্রদীপ সরকারের নামে হস্তান্তর করবার অনুমতি দেবে । সেক্ষেত্রে পৌরসভার সাথে পৌরনিয়মানুযায়ী রমা সরকার চুক্তিবদ্ধ হইতে বাধ্য থাকিবেন।

(৭) BPL পরিবারভুক্ত ২০ জন মৃত ব্যক্তির পরিবারের পক্ষ থেকে National Family Benefit Scheme (NFBS) প্রকল্পে এককালীন অনুদানের জন্য যে আবেদনপত্রগুলি জমা হয়েছে তা অনুমোদিত হলো এবং উক্ত আবেদনপত্রগুলি মাননীয় জেলাশাসক , উত্তর ২৪ পরগনা এবং SUDA -র কাছে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য প্রেরন করার সিদ্ধান্ত গৃহীত হল।

(৮) পশ্চিমবঙ্গ পৌরআইনের ১৬৫ ধারা অনুযায়ী মধ্যমগ্রাম পৌরসভার Assessment Register নথিভুক্ত নিম্নলিখিত Holding গুলির Property / Service Tax (Arrear & Current) দীর্ঘদিন irrecoverable dues থাকায় সর্বসম্মতিক্রমে Writing Off করার সিদ্ধান্ত গৃহীত হল।

| HOLDING | ARREAR DUES | CURRENT DUES |
|---|---|---|
| OWNER | Rs. 1555667.00 | Rs. 129973.00 |
| Govt. Holding | Rs. 18099080.00 | Rs. 235585.00 |
| Municipal Properties | Rs. 49309.00 | Rs. 1483.00 |
| Total | Rs. 19704056.00 | Rs. 367041.00 |

(৯) Director Of Local Bodies, Govt. of West Bengal এর নির্দেশিকা 255/DLB/P-226/15-95 (Hospital), dt. 01/03/2016 অনুযায়ী পৌরসভা পরিচালিত হাসপাতালে ৪৬টি শূন্য পদে এবং পৌরসভা অফিসের বিভিন্ন সময়ে অনুমোদিত পদ ও Retired এর কারণে শুন্যপদ মিলিয়ে ৫৫ টি পদে কর্মী নিয়োগ করার অনুমতির জন্য DLB কে পৌরসভার পক্ষ থেকে আবেদন করা হবে। সমগ্র নিয়োগ প্রক্রিয়া West Bengal Municipal (Recruitment) Rules, 2005 since ammended অনুযায়ী সম্পন্ন করা হবে।

(১০) দরপত্র আহ্বান করে নিম্নলিখিত order এর মাধ্যমে যে সমস্ত দ্রব্য ক্রয় করা হয়েছিল তাহা তহবিলসহ অনুমোদিত হল।

(1) MM/2317/Printing/23/2015-16, dt. 15.02.2016,
Amount: 59280.00, Fund: Entertainment Tax Fund (Printing)2015-16

(2) MM/2318/Electric/24/2015-16, dt. 20.02.16
Amount: 37500.00, Fund : 14th F.C. 2015-16

(3) MM/2320/Electric/26/2015-16, dt. 20/02/2016
Amount : 54200.00, Fund : 14th F.C. 2015-16

(4) MM/2321/Electric/27/2015-16, dt. 20/02/2016
Amount : 163850.00, Fund : 14th F.C.(2015-16)

(5) MM/2323/Tubewell/23/2015-16, dt. 26/02/2016
Amount : 62700.00, Fund : 4th S.F.C. (2015-16)

(6) MM/Chair/W.O./233/2015-16, dt. 18/01/2016
Amount : 53971.00, Fund : Own Fund (2015 - 16)

(7) MM/2324/Office Stationary/53/2015-16, dt. 11/03/2016
Amount :63240.00, Fund : Entertainment Tax (Stationary)2015 - 16

(8) MM/2327/Electric/28/2015-16, dt. 11/03/2016
Amount : 112500.00, Fund : 14th F.C (2015 - 16)

(9) MM/2328/Office Stationary/56/2015 - 16, dt. 11/03/2016
Amount : 35400.00, Fund : Entertainment Tax Fund (Stationary) 2015 - 16

(10) MM/2329/Office Stationary/57/2015-16, dt. 15/03/2016
Amount : 48550.00, Fund : Entertainment Tax Fund (Stationary) 2015 - 16

(11) MM/2335/Electric/29/2015-16, dt. 21/03/2016
Amount : 46900.00, Fund : 14th F.C. (2015-16)

(12) MM/2336/Electric/30/2015-16, dt. 30/03/2016
Amount : 345450.00, Fund : 14th F.C. (2015 - 16)

(13) MM/2337/Electric/31/2015-16, dt. 30/03/2016,
Amount : 91350.00, Fund : 14th F.C. (2015 - 16)

(14) MM/2338/Electric/32/2015-16, dt. 30/03/2016
Amount : 42500.00, Fund : 14th F.C. (2015 - 16)

(15) MM/2339/Electric/33/2015-16, dt. 30/03/2016
Amount : 253550.00, Fund :14th F.C.(2015 - 16)

(16) MM/2345/Conservancy/01/2016-17, dt. 11/04/2016
Amount : 145000.00, Fund : Suda Health/65/PT-VID/14/316(16)

(17) MM/2346/Conservancy/02/2016-17, dt. 11/04/2016
Amount : 65250.00, Fund : Own Source (2016-17)

(18) MM/2348/Conservancy/03/2016-17, dt. 29/04/2016
Amount : 26250.00, Fund : Own Source (2016 - 17)

(19) MM/2349/Tubewell/03/2016-17, dt. 04/05/2016
Amount : 29000.00, Fund : 4th SFC (2015 - 16)

(20) MM/2354/Office Stationary/04/2016 - 17, dt. 05/05/2016
Amount : 25233.00, Fund : Municipal Fund (2016 - 17)

(21) MM/2355/Office Stationary/05/2016 - 17, dt. 05/05/2016
Amount : 63240.00, Fund : Municipal Fund (2016 - 17)

(22) MM/2356/Printing/01/2016 - 17, dt. 05/05/2016
Amount : 33000.00, Fund : Municipal Fund (2016 - 17)

(23) MM/2358/Tubewell/06/2016 - 17, dt.07/05/2016
Amount : 28710.00, Fund : 4th SFC (2015 - 16)

(24) MM/2360/Electric/1/2016 - 17, dt. 18/05/2016
Amount : 144350.00, Fund : 14th Finance Commission (2015 - 16)

(25) MM/2361/Electric/2/2016 - 17, dt. 18/05/2016
Amount : 39500.00, Fund :14th Finance Commission (2015 - 16)

(26) MM/2362/Conservancy/4/2016 - 17, dt. 21/05/2016
Amount : 89000.00, Fund : Own Source (2016 - 17)

(27) MM/2363/Printing/3/2016 - 17, dt. 23/05/2016
Amount : 27730.00, Fund : Own Source (2016 - 17)

(28) MM/2366/CON/5/2016 - 17, dt. 31/05/2016
Amount : 181250.00, Dund : WBEGS (2015 - 16)

সভায় আর কোনো আলোচনা না হওয়ায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় সভার কাজের সমাপ্তি ঘোষনা করলেন।

কার্য্যবিবরনী
মাননীয় / মাননীয়া
শ্রী / শ্রীমতী ______________________________
কাউন্সিলর / উপ পৌরপ্রধান, ওয়ার্ড নং ________
এর নিকট প্রেরিত হল।

ধন্যবাদান্তে,
পৌরপ্রধান
মধ্যমগ্রাম পৌরসভা

মধ্যমগ্রাম পৌরসভা

Executive Officer
Madhyamgram Municipality
North 24 Parganas